ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৮৫০

আগরতলা, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

## ইঞ্জিনীয়ার্স ডে উপলক্ষে প্রভাত ফেরির সূচনা করে উচ্চশিক্ষা মন্ত্রী
## এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠনে ইঞ্জিনীয়ারদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে




প্রখ্যাত ইঞ্জিনীয়ার তথা ভারতরত্ন এম বিশ্বেশ্বরায়া ছিলেন একজন দূরদর্শী চিন্তক এবং আমাদের জাতির উন্নয়নের অন্যতম রূপকার। আধুনিক শিল্পায়নের স্বপ্ন বাস্তবায়নের মাধ্যমে তিনি আমাদের শিখিয়েছেন যে, কঠোর নিষ্ঠা, শৃঙ্খলা এবং উদ্ভাবনী চিন্তাধারা জাতিকে এগিয়ে নিয়ে যেতে পারে। আজ উজ্জয়ন্ত প্রাসাদের সামনে ৫৮তম ইঞ্জিনীয়ার্স ডে উদযাপন উপলক্ষে আয়োজিত প্রভাত ফেরির সূচনা করে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ একথা বলেন। পূর্ত দপ্তর এবং দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনীয়ার ত্রিপুরা রাজ্য শাখার যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী বলেন, এম বিশ্বেশ্বরায়া জন্মদিবসকে আমরা প্রতিবছর ইঞ্জিনীয়ার্স ডে হিসেবে পালন করে থাকি। তিনি আমাদের দেশের বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। বাঁধ নির্মাণ, রেলপথ নির্মাণ সহ প্রতিটি উন্নয়নমূলক কাজেই ইঞ্জিনীয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠনে ইঞ্জিনীয়ারদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। দেশের প্রধানমন্ত্রী ডিজিটাল ইন্ডিয়া, স্টার্ট আপ ইন্ডিয়া গঠনের যে স্বপ্ন দেখেছেন তা বাস্তবায়নেও ইঞ্জিনীয়ারদের উল্লেখযোগ্য ভূমিকা নিতে হবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন পূর্ত দপ্তরের চিফ ইঞ্জিনীয়ার রাজীব দেববর্মা, মুখ্যমন্ত্রীর ওএসডি ইঞ্জিনীয়ার পরমানন্দ সরকার ব্যানার্জি প্রমুখ।

******